বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, ঝালকাঠি।
ফোনঃ অফিস- ০২৪৭-৮৮৭৫৪৪০
ই-মেইলঃ xen.jhalakathi@gmail.com

Office of the
Executive Engineer
Jhalakathi WD Division
BWDB, Jhalakathi.
Phone: office: 0247-8875440
E-mail: xen.jhalakathi@gmail.com

স্মারক নং- ন-১২/১০১১ তারিখঃ ২৩/১০/২০২৪ খ্রিঃ

দপ্তরাদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশের নদ-নদীর প্রকৃত সংখ্যা ও সীমানা নির্ধারনের লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রনালয়ের উপদেষ্টার স্মারক নং- ৪২.০০.০০০০.০০২.৯৯.০০১.২৪.৮২৭, তারিখঃ ১০/০৯/২০২৪ খ্রিঃ মোতাবেক অনুষ্ঠিত সভার ১নং আলোচ্যসূচি অনুযায়ী জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভার মাধ্যমে জেলা প্রশাসক, ঝালকাঠি ও সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে যৌথভাবে ঝালকাঠি জেলায় অবস্থিত নদ-নদী সমূহের খসড়া তালিকা প্রণয়ন করা হয়েছে। (সভার কার্যপত্র ও নদ-নদীর তালিকা সংযুক্ত, সংযুক্তি-১)।

ঝালকাঠি জেলার নদ-নদীর তালিকা চূড়ান্ত করার লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া নদ-নদীর তালিকার বিষয়ে কারো কোন আপত্তি থাকলে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২৩/১০/২৪
(এ.কে.এম. নিলয় পাশা)
নির্বাহী প্রকৌশলী
ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, ঝালকাঠি।

স্মারক নং- ন-১২/১০১১/১(৪) তারিখঃ ২৩/১০/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ(জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল পওর সার্কেল, বাপাউবা, বরিশাল।
৩। জেলা প্রশাসক, ঝালকাঠি।
৪। অফিস কপি।

২৩/১০/২৪
নির্বাহী প্রকৌশলী
বাপাউবো, ঝালকাঠি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি।
(রাজস্ব শাখা)
www.jhalakathi.gov.bd

জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির অক্টোবর - ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	: আশরাফুর রহমান জেলা প্রশাসক, ঝালকাঠি।
সভার তারিখ	: ০৩ অক্টোবর, ২০২৪ খ্রি:
সভার সময়	: বেলা ১.০০ ঘটিকায়
স্থান	: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, ঝালকাঠি।
উপস্থিতি	: পরিশিষ্ট- ক

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অত:পর পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঝালকাঠি আলোচ্য সূচি সভায় উপস্থাপন করেন এবং উপস্থিত সদস্যগণকে আলোচ্য সূচি অনুযায়ী বক্তব্য প্রদানের আহবান জানান। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করা হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	ঝালকাঠি জেলার অন্তর্গত নদ- নদীর তথ্যাদি হালনাগাদকরণ	নির্বাহী প্রকৌশলী, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ সভায় অবগত করেন যে, বাংলাদেশের নদ-নদী সমূহের তথ্যাদি হালনাগাদকরণ ও তথ্য প্রযুক্তি ভিত্তিক ব্যবস্থাপনা সমীক্ষা প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও পরামর্শক প্রতিষ্ঠান সেন্টার ফর এনভায়রনমেন্টাল এণ্ড জিওগ্রাফিক ইনফরমেশন (সিইজিআইএস) এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির শর্তানুযায়ী পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশের বিভিন্ন হাইড্রোলজিক্যাল রিজিয়ন ভিত্তিক নদ-নদীর তথ্য হালনাগাদ করা হয়। চূড়ান্ত প্রতিবেদন যথাসম্ভব নির্ভুল ও বিতর্কমুক্ত প্রতিবেদন প্রণয়ণের লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০০.০০০০.০৩৯.১৪.০০৮.২১-১৪৮, তারিখঃ ০৮/০৫/২০২৪খ্রিঃ মোতাবেক নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত, পরিশিষ্ট-খ)। উক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী খসড়া প্রতিবেদনে প্রতি জেলায় উল্লিখিত নদ-নদীর নাম এবং সংখ্যার বিষয়ে সংশ্লিষ্ট জেলার পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সম্মতি গ্রহণ প্রয়োজন। অতঃপর নির্বাহী প্রকৌশলী, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ, ঝালকাঠি জেলার ১৬টি নদ-নদীর তথ্য ও মানচিত্র সভায় উপস্থাপন করেন (কপি সংযুক্ত, পরিশিষ্ট-গ)। বিস্তারিত আলোচনা শেষে ঝালকাঠি জেলার নদ-নদীর তথ্য হালনাগাদের লক্ষ্যে ১৬টি নদ-নদীর নাম এবং সংখ্যার বিষয়ে কমিটির সম্মানিত সদস্যগণকে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। সভায় কমিটির সম্মানিত সদস্যগণ জেলার ১৬টি নদ-নদীর নাম এবং সংখ্যার বিষয়ে একমত পোষণ করেন।	ক) ঝালকাঠি জেলার নিজস্ব নদী হিসেবে বাসন্ডা, ধানসিড়ি, জাঙ্গালিয়া, ড্যাদুরিয়া ও সুগন্ধাসহ মোট ০৫(পাঁচ)টি নদীকে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) ঝালকাঠি ও অন্য জেলার মধ্য দিয়ে প্রবাহিত ১১টি নদী যথাক্রমে বিশখালী, গাবখান, কালিজিরা, খায়রাবাদ, কীর্তনখোলা, মরা-বিশখালি, মরিচবুনিয়া, নলবুনিয়া, পানা, পোনা, সাংগর কে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। (কপি সংযুক্ত, পরিশিষ্ট- ঘ) ।	(১) নির্বাহী প্রকৌশলী, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ। (২) অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), ঝালকাঠি। (৩) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা,ঝালকাঠি। (৪) পরিবেশ অধিদপ্তর,ঝালকাঠি।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
০২	নদীর দূষণমুক্ত ও অবৈধ দখল উচ্ছেদ সংক্রান্ত কর্ম পরিকল্পনা	নির্বাহী প্রকৌশলী, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ সভায় অবগত করেন যে,আদালতের আদেশ অনুসারে দেশের সকল নদ-নদীর অবৈধ দখল উচ্ছেদ করার লক্ষ্যে সাশ্রয়ী বাজেট প্রণয়নসহ সমায়াবদ্ধ কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং পরবর্তীতে সমন্বিত অভিযানের মাধ্যমে নদীগুলোকে দখল ও দূষণমুক্ত করতে হবে। সকল নদ-নদীর জন্য হেল্থ কার্ড প্রস্তুত করতে হবে।	নদীর অবৈধ দখল ও দূষণমুক্তকরণের লক্ষ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝালকাঠি; নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঝালকাঠি; সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), ঝালকাঠি এবং সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঝালকাঠি সম্মিলিতভাবে সভার মাধ্যমে তালিকা প্রণয়ন ও বাজেট নিরূপণ করে জেলা প্রশাসক বরাবর একখানা প্রতিবেদন দাখিল করবেন। পরিবেশ অধিদপ্তর নদীগুলোকে দখল ও দূষণমুক্ত করতে নদ-নদীর জন্য হেল্থ কার্ড প্রস্তুত করবে।	১) নির্বাহী প্রকৌশলী, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ। (২) অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), ঝালকাঠি। (৩) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা,ঝালকাঠি। (৪) সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি), ঝালকাঠি। (৫) সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঝালকাঠি।
০৩	কবি জীবনানন্দ দাশ এর স্মৃতি স্মরণে নির্মিত পাঠাগার ও সংগ্রহশালা এর নিরাপত্তা।	নির্বাহী প্রকৌশলী, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ সভায় অবগত করেন যে, "৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী/খাল জলাশয় পুনঃখনন" প্রকল্পের আওতায় ধানসিঁড়ি নদীর তীরে কবি জীবনানন্দ দাশ এর স্মৃতি স্মরণে পাঠাগার ও সংগ্রহশালা নির্মাণ করা হয়। নির্মাণ কাজ সমাপ্তি শেষে প্রয়োজনীয় জনবলের অভাবে স্থাপনাটির প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়নি।	ধানসিঁড়ি নদীর তীরে কবি জীবনানন্দ দাশ এর স্মৃতি স্মরণে নির্মিত পাঠাগার ও সংগ্রহশালার নিরাপত্তা ও সার্বিক পরিচালনার জন্য নির্বাহী প্রকৌশলী,বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঝালকাঠিকে পানি উন্নয়ন বোর্ডের উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়।	(১) নির্বাহী প্রকৌশলী, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১০/২০২৪

(আশরাফুর রহমান)
জেলা প্রশাসক, ঝালকাঠি
ও
সভাপতি
জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, ঝালকাঠি।
ফোনঃ ০২৪৭৮৮৭৫৩০০
dcjhalokati@mopa.gov.bd

স্মারক নম্বর: স-৮/৯৮২/১(১৮)

তারিখঃ ১৬/১০/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঝালকাঠি।
১০) নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, ঝালকাঠি।
১১) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝালকাঠি।
১২) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঝালকাঠি।
১৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝালকাঠি।
১৪) পরিচালক, জেলা পরিবেশ অধিদপ্তর, ঝালকাঠি।
১৫) সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঝালকাঠি।
১৬) জেলা মৎস্য কর্মকর্তা, ঝালকাঠি।
১৭) সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঝালকাঠি।
১৮) ফরেষ্ট রেঞ্জার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ, ঝালকাঠি।

(এ. কে. এম. নিলয় পাশা)
নির্বাহী প্রকৌশলী
ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, ঝালকাঠি।

ঝালকাঠি জেলার নদ-নদীর তালিকা

ক্রমিক নং	বিভাগের নাম	জেলার নাম	ঝালকাঠি জেলাধীন উপজেলার নাম	নদ-নদীর নাম	উৎসমুখ	পতন মুখ	দৈর্ঘ্য (কি. মি.)	মন্তব্য
০১	বরিশাল	ঝালকাঠি	ঝালকাঠি সদর	বাসন্ডা	কালিজিরা	সুগন্ধা	২০	
০২	বরিশাল	ঝালকাঠি	ঝালকাঠি সদর, রাজাপুর	ধানসিঁড়ি	গাবখান	জাঙ্গালিয়া	১০	
০৩	বরিশাল	ঝালকাঠি	রাজাপুর	জাঙ্গালিয়া	ধানসিঁড়ি	বিশখালী	১৭	
০৪	বরিশাল	ঝালকাঠি	ঝালকাঠি সদর,নলছিটি	সুগন্ধা	কীর্তনখোলা	বিশখালী	২২	
০৫	বরিশাল	ঝালকাঠি	রাজাপুর, কাঠালিয়া	ভ্যাদুরিয়া	পোনা	জাঙ্গালিয়া	১৩	
০৬	বরিশাল	ঝালকাঠি, বরগুনা	ঝালকাঠি সদর, নলছিটি, রাজাপুর, কাঠালিয়া	বিশখালী	সুগন্ধা	বঙ্গোপসাগর	৯৭	ঝালকাঠি জেলায় দৈর্ঘ্য- ৪২.০০ কি.মি.
০৭	বরিশাল	ঝালকাঠি, পিরোজপুর	ঝালকাঠি সদর	গাবখান	সুগন্ধা	সন্ধ্যা	১৪	ঝালকাঠি জেলায় দৈর্ঘ্য- ১১.২০ কি.মি.
০৮	বরিশাল	ঝালকাঠি, বরিশাল	ঝালকাঠি সদর,নলছিটি	কালিজিরা	সুগন্ধা (বরিশাল)	সুগন্ধা	৩১	ঝালকাঠি জেলায় দৈর্ঘ্য- ১৬.৪০ কি.মি.
০৯	বরিশাল	ঝালকাঠি, বরিশাল	নলছিটি	খায়রাবাদ	কীর্তনখোলা	বুড়িশ্বর-পায়রা	৪২	ঝালকাঠি জেলায় দৈর্ঘ্য- ২৯.০০ কি.মি.
১০	বরিশাল	ঝালকাঠি, বরিশাল	নলছিটি	কীর্তনখোলা	মেঘনা (লোয়ার)	সুগন্ধা	২১	ঝালকাঠি জেলায় দৈর্ঘ্য- ৪.২০ কি.মি.
১১	বরিশাল	ঝালকাঠি, বরিশাল	নলছিটি	মরা বিশখালি	খায়রাবাদ	বিশখালী	২২	ঝালকাঠি জেলায় দৈর্ঘ্য- ২২.০০ কি.মি.
১২	বরিশাল	ঝালকাঠি, পিরোজপুর	কাঠালিয়া	মরিচবুনিয়া	নলবুনিয়া	বিশখালী	১৬	ঝালকাঠি জেলায় দৈর্ঘ্য- ১৫.২০ কি.মি.
১৩	বরিশাল	ঝালকাঠি, পিরোজপুর	রাজাপুর	নলবুনিয়া	কচা	পানা	৩১	ঝালকাঠি জেলায় দৈর্ঘ্য- ১.০০ কি.মি.
১৪	বরিশাল	ঝালকাঠি, বরগুনা, পিরোজপুর	কাঠালিয়া	পানা	বলেশ্বর	মরিচবুনিয়া	২৬	ঝালকাঠি জেলায় দৈর্ঘ্য- ৪.০০ কি.মি.
১৫	বরিশাল	ঝালকাঠি, পিরোজপুর	রাজাপুর	পোনা	সন্ধ্যা	নলবুনিয়া	২৬	ঝালকাঠি জেলায় দৈর্ঘ্য- ২০.০০ কি.মি.
১৬	বরিশাল	ঝালকাঠি, পিরোজপুর	রাজাপুর	সাংগর	পোনা	জাঙ্গালিয়া	১৪	ঝালকাঠি জেলায় দৈর্ঘ্য- ১৪.০০ কি.মি.

APasha
21/10/24

(এ.কে.এম. নিলয় পাশা)
নির্বাহী প্রকৌশলী
ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, ঝালকাঠি।